গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আগৈলঝাড়া, বরিশাল।
agailjhara.barisal.gov.bd

## আগৈলঝাড়া উপজেলার আইন শৃঙ্খলা কমিটির অক্টোবর ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ আবুল হাশেম<br>উপজেলা নির্বাহী অফিসার<br>আগৈলঝাড়া, বরিশাল। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| তারিখ | : ২১/১০/২০২১ খ্রি. |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত। |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা বিষয় তুলে ধরে তাদের মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

উপজেলায় সংঘটিত অপরাধের বিবরণ:

| মাস | খুন | ধর্ষণ | চুরি/ ডাকাতি/ দস্যুতা | মাদক | অগ্নি সংযোগ | অপহরণ | এসিড নিক্ষেপ | নারী ও শিশু নির্যাতন | আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ/ অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর/২১ | ১ | -- | -- | ৬ | -- | -- | -- | ৩ | -- | ১০ |
| আগস্ট/২০ | | ১ | -- | ১ | -- | ১ | -- | ২ | -- | ৫ |
| সেপ্টেম্বর/২০ | -- | -- | -- | ৯ | -- | ২ | -- | ২ | -- | ১৩ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | সার্বিক আইন শৃঙ্খলা সংক্রান্ত : আগৈলঝাড়া থানার অফিসার ইনচার্জ (তদন্ত) সভায় জানান যে, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। তিনি আরো জানান যে,আগৈলঝাড়া উপজেলায় আত্মহত্যার প্রবণতা অন্যান্য উপজেলার তুলনায় বেশি। আত্মহত্যার প্রবণতা কমিয়ে আনার লক্ষ্যে কমিউনিটি ও বিট পুলিশিং এর মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধিতে কাজ করা হচ্ছে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, আত্মহত্যাসহ অন্যান্য বিষয়ে সচেতন করার লক্ষ্যে আগস্ট/২১ মাসে বিভিন্ন ইউনিয়নে ৫টি উঠান বৈঠকের মাধ্যমে বাল্যবিবাহ, মাদক ও নারী নির্যাতন প্রতিরোধের লক্ষ্যে জনসচেতনতা সৃষ্টির বিষয়ে আলোচনা করা হয়েছে এবং এ ধারা অব্যাহত থাকবে। | ১.১.সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>১.২.আত্মহত্যা প্রতিরোধে সকল শিক্ষার্থীদের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধিতে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>১.৩. জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উঠান বৈঠকের আয়োজন করতে হবে। | অফিসার-ইন-চার্জ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তথ্যসেবা কর্মকর্তা, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ও ইউপি চেয়ারম্যানবৃন্দ |
| ২. | মাদক সংক্রান্ত: অফিসার ইন চার্জ (তদন্ত) সভায় জানান যে, মাদক ব্যবসায়ী ও ব্যবহারকারীদের আইনের আওতায় আনার লক্ষ্যে পুলিশি অভিযান অব্যাহত আছে। সভায় মাদকের হটস্পটগুলোতে অভিযান আরো জোরদার করার বিষয়ে সকলে মতামত ব্যক্ত করেন। | ২.১. গোয়েন্দা নজরদারী আরো বৃদ্ধি করে মাদক ব্যবসায়ী এবং সেবনকারীদের আইনের আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২.২. মাদকের হটস্পটগুলোতে অভিযান আরো জোরদার করতে হবে। | অফিসার-ইন-চার্জ |

Ramani/ains

| | | | |
|---|---|---|---|
| ৩. | **বাল্য বিবাহ ও শিশু নির্যাতব সংক্রান্ত:** বাল্য বিবাহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, নারী নির্যাতন ও শিশু নির্যাতন বন্ধে সকলের সহযোগিতা একান্ত প্রয়োজন এবং তিনি বাল্য বিবাহ প্রতিরোধকল্পে সংশ্লিষ্ট কমিটির সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সঠিকভাবে যাচাই বাছাই করে জন্ম সনদ প্রদানের এবং জনপ্রতিনিধিদের সচেতনতা বৃদ্ধিতে আরো তৎপর হওয়ার জন্য অনুরোধ জানান। | ৩.১.বাল্য বিবাহ প্রতিরোধে সকল ইউপি চেয়ারম্যানকে জন্ম সনদ প্রদানের সময় সঠিকভাবে যাচাই বাছাই করে সনদ প্রদান করতে হবে এবং ইউপি সদস্যসহ গ্রাম পুলিশদের আরো তৎপরতার সাথে কাজ করতে হবে।<br>৩.২ বাল্য বিবাহ ও শিশু নির্যাতন প্রতিরোধের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠকের আয়োজন করতে হবে এবং উঠান বৈঠকে ইউপি চেয়ারম্যানসহ অফিসার ইন চার্জ, আগৈলঝাড়া থানাকে উপস্থিত থাকার জন্য অবহিত করতে হবে। এছাড়া সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে আলোচনা করতে হবে। | ৩.১ ও ৩.২ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তথ্য সেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ। |
| ৪. | **সড়ক ও মহাসড়কে যান চলাচল সংক্রান্ত:** সড়ক ও মহাসড়কে যত্রতত্র নির্মাণ সামগ্রী, অটোরিক্সা, ভ্যান, রিক্সা, টেম্পোসহ অন্যান্য যানবাহন পার্কিং করে এবং রাস্তার পাশে স্ব-মিলের গাছ রেখে জনগণের চলাচলে বিঘ্ন সৃষ্টির বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৪.১. আগৈলঝাড়া হাটের সামনের সড়কসহ সড়ক ও মহাসড়কে যত্রতত্র নির্মাণ সামগ্রী, অটোরিক্সা, ভ্যান, রিক্সা, টেম্পোসহ অন্যান্য যানবাহন পার্কিং করে যাতে জনগণের চলাচলে বিঘ্ন সৃষ্টি না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।<br>৪.২.রাস্তার পাশে স্ব-মিলের গাছ অপসারণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । | ৪.১উপজেলা প্রকৌশলী, অফিসার ইন চার্জ, ইউপি চেয়ারম্যানবৃন্দ<br>৪.২. ফরেস্টার |

উপজেলার আইন শৃঙ্খলা বজায় রাখার নিমিত্ত সমাজে নেতৃত্বদানকারী, জনপ্রতিনিধি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, শিক্ষকমন্ডলী সংশ্লিষ্ট সকলকে ঐক্যবদ্ধভাবে স্ব স্ব অবস্থান থেকে দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১.১০.২০২১
(মোঃ আবুল হাশেম)
উপজেলা নির্বাহী অফিসার
আগৈলঝাড়া, বরিশাল।
ফোন: ০৪৩২৩-৫৬১০১।
E.mail: unoagailjhara@ mopa.gov.bd

স্মারক নম্বর:-০৫.১০.০৬০২.০০০.২৩.০০৫.১৭-২৯৮ তারিখ: ৩১ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে):

১। মাননীয় সংসদ সদস্য, বরিশাল-০১, (গৌরনদী-আগৈলঝাড়া) নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২। বিভাগী কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৩। জেলা প্রশাসক, বরিশাল।
৪। পুলিশ সুপার, বরিশাল।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।
৬। উপজেলা.......................................................................অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।
৭। সভাপতি/সাধারণ সম্পাদক........................................................... আগৈলঝাড়া, বরিশাল।
৮। চেয়ারম্যান,........................................................... (সকল) ইউপি, আগৈলঝাড়া, বরিশাল।
৯। জনাব,............................................................................................................ ।

৩১.১০.২০২১
(মোঃ আবুল হাশেম)
উপজেলা নির্বাহী অফিসার
আগৈলঝাড়া, বরিশাল।

Ramani/ains